# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৪

## বাংলা

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান—১০০

[**দ্রষ্টব্যঃ**—ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

নম্বর

নিচের অনুচ্ছেদটি পড়ে **১, ২, ৩, ৪ ও ৫** নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ ঃ

জয়নুল আবেদিন ২৯ শে ডিসেম্বর ১৯১৪ সালে কিশোরগঞ্জে জন্মগ্রহণ করেন। ছোটবেলা থেকেই তিনি ছিলেন চুপচাপ ধরনের। চারপাশের সবকিছু মনোযোগ দিয়ে দেখতেন। মানুষ, পশু-পাখি ও প্রকৃতির খুব ছোট ছোট বিষয়ও তাঁর নজর কাড়তো। এই দেখা থেকেই তাঁর ছবি আঁকার শখ হয়। জয়নুলের কলকাতা আর্ট স্কুলে পড়ার খুব ইচ্ছে ছিল। কিন্তু তাঁর বাবার সেই আর্থিক সঙ্গতি ছিল না। জয়নুলের আগ্রহ দেখে তাঁর মা পড়ার খরচ দিতে চাইলেন। জয়নুলের মা নিজের গলার সোনার হার বিক্রি করলেন। সেই টাকা দিয়ে জয়নুল কলকাতার আর্ট স্কুলে ভর্তি হয়েছিলেন। পরবর্তীতে আর্ট কলেজে পড়ে তিনি খুব ভালো ফলাফল করেন। তিনি অনেক ছবি এঁকেছেন। ১৯৩৮ সালে জাতীয় চিত্র প্রদর্শনীতে ছয়টি জল রং ছবির জন্য তিনি পেয়েছেন সম্মানজনক পুরস্কার 'গভর্নরের স্বর্ণপদক'। সেই সময় এই পদক ছিল শিল্পীদের জন্য বিরল সম্মানের ব্যাপার। কয়েকটি ঘটনাকে বিষয় করে আঁকা তাঁর ছবি পৃথিবীর শিল্পরসিকদের মুগ্ধ করেছিল। তাঁর উল্লেখযোগ্য ছবি হলো—'দুর্ভিক্ষ', 'বিদ্রোহী', 'মা', 'ঝড়', 'গুণটানা', 'সাঁওতাল রমণী' ইত্যাদি। তিনি ঢাকায় 'নর্মাল স্কুল'-এ আর্টের শিক্ষক ছিলেন। পরে ১৯৪৮ সালে শিল্পাচার্য জয়নুলই প্রতিষ্ঠা করেন 'ঢাকা আর্ট কলেজ'। বর্তমানে এর নাম 'চারুকলা ইনস্টিটিউট'। ১৯৭৬ সালের ২৮শে মে তিনি মারা যান। কবি নজরুলের সমাধির পাশে তাঁকে কবর দেওয়া হয়েছে।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ ঃ ১×৫=৫

(১) পাঠটিতে কার সম্পর্কে বলা হয়েছে?

(ক) রফিকুন নবী (খ) মোস্তফা আনোয়ার

(গ) জয়নুল আবেদিন (ঘ) কামরুল হাসান

(২) জয়নুল আবেদিন বিখ্যাত হয়েছেন—

(ক) ছবি আঁকার জন্য (খ) গান গাওয়ার জন্য

(খ) খেলাধুলা করার জন্য (ঘ) প্রকৃতি পর্যবেক্ষণের জন্য

(৩) কিশোরগঞ্জ শব্দে 'ঞ্জ' যুক্ত বর্ণটিতে নিচের কোন বর্ণগুলো রয়েছে?

(ক) জ + ঞ (খ) ন + ঞ

(গ) ঞ + জ (ঘ) ঞ + ন

(৪) শিল্পাচার্য জয়নুল আবেদিন চারুকলা অনুষদ প্রতিষ্ঠা করেছিলেন কেন?

(ক) ছবি বিক্রি করার জন্য (খ) ছবির প্রদর্শনী করার জন্য

(গ) নিজে বিখ্যাত হওয়ার জন্য (ঘ) অন্যদের ছবি আঁকা শেখার সুযোগ দেয়ার জন্য

(৫) কোন বাক্যটিতে সঠিক বিরাম চিহ্নের ব্যবহার হয়েছে?

(ক) ছবি আঁকলে মীনার মন ভাল হয়, (খ) তুমি কি বাইরে বেড়াতে যাবে?

(গ) ছোটবেলায় তিনি অসুস্থ থাকতেনঃ (ঘ) পিঠা খেতে খুব ভাল লাগে!

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

২। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেয়া হলো। উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ কর ঃ ১×৫=৫

| | |
|---|---|
| শিল্পাচার্য | শিল্পীদের গুরু |
| আর্ট | চিত্রকর্ম |
| স্বর্ণপদক | সোনার তৈরি পদক |
| দুর্ভিক্ষ | খাদ্যের অভাব |
| বিদ্রোহী | শাসন অগ্রাহ্যকারী/শাসন মানে না যে |
| শখ | ভাল লাগার কাজ/আগ্রহ/পছন্দ |

(ক) কথা না বলে———এর মাধ্যমেও মনের ভাব প্রকাশ করা যায়।
(খ) দেশে———দেখা দিলে সাহায্যের জন্য সবার এগিয়ে আসা উচিৎ।
(গ) ছবি এঁকে বিখ্যাত হওয়ার জন্য জয়নুল আবেদিন———উপাধি পেয়েছিলেন।
(ঘ) কাজী নজরুলকে———কবি বলা হয়।
(ঙ) কামাল পরীক্ষায় খুবই ভাল ফলাফলের জন্য———পেয়েছে।

৩। যুক্তবর্ণ ভেঙ্গে দেখাও ও প্রতিটি যুক্তবর্ণ দিয়ে একটি করে শব্দ তৈরি কর ঃ ১×৫=৫
ঞ্জ, ক্ষ্ম, ক্ষ, জ্ঞ, ল্প।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ ঃ
(ক) জয়নুলের মত হতে চাইলে তোমাকে কী কী করতে হবে তা পাঁচটি বাক্যে লেখ। ৫
(খ) আমরা জয়নুলকে নিয়ে গর্ব করি কেন তা পাঁচটি বাক্যে লেখ। ৫
(গ) জয়নুলের শিল্পাচার্য হওয়ার পেছনে তাঁর মার অবদান তিনটি বাক্যে লেখ। তাঁর বিখ্যাত দুইটি চিত্রকর্মের নাম লেখ। ৩+২=৫

৫। মনে কর তোমার নাম অণু/অমল। তোমার বিদ্যালয়ের নাম ভাটিকাশর সরকারি প্রাথমিক বিদ্যালয়। তোমার বিদ্যালয়ে একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। তুমি তোমার গ্রামের/শহরের বন্ধুকে চিত্র প্রদর্শনী দেখার জন্য আমন্ত্রণ জানিয়ে চিঠি লেখ। ৫

নিচের অনুচ্ছেদটি পড়ে **৬, ৭, ৮ ও ৯** নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ ঃ

পঁচিশে মার্চ রাতে আক্রান্ত হয় সংবাদপত্র অফিসগুলো। পাকিস্তানি শাসক ও তার সেনারা জানত যে, এদেশের সাংবাদিকেরাও তাদের জন্য বিপজ্জনক। প্রধান সংবাদপত্রগুলোর অনেক অফিসে আগুন লাগিয়ে দেয় তারা সেই রাতে। হত্যা করে বহু সাংবাদিককে। এদেশের একটি প্রধান সংবাদপত্র 'দৈনিক সংবাদ'। পঁচিশে মার্চের রাতে পাকিস্তানি সৈন্যরা ওই পত্রিকা অফিসে আগুন লাগায়। মেধাবী লেখক ও সাংবাদিক শহীদ সাবের সে রাতে ঘুমিয়ে ছিলেন ওখানেই। ভয়াল আগুন তাঁকে পুড়িয়ে মারে। শহিদ হন সেলিনা পারভীন। মাত্র পঁচিশ বছর বয়সে প্রাণ দেন সাংবাদিক মেহেরুন্নেসা। কবি হিসেবেও তিনি ছিলেন সুপরিচিত। কিন্তু পূর্ণ বিকশিত হয়ে ওঠার আগেই মৃত্যুবরণ করতে হয় তাঁকে।
১৯৭১ সালের পঁচিশে মার্চ এক ভয়াবহ হত্যাযজ্ঞের সূচনা ঘটায় তারা। ষোলই ডিসেম্বরে আমাদের বিজয় অর্জন পর্যন্ত সময় ধরে তারা এই হত্যাযজ্ঞ চালিয়ে যেতে থাকে।

নম্বর

৬। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ ঃ ১×৫=৫

(১) অনুচ্ছেদটি মূলত কী বিষয় নিয়ে লেখা?
(ক) বাঙালী হত্যা (খ) সাংবাদিক হত্যা
(গ) রাজাকার হত্যা (ঘ) মুক্তিযোদ্ধা হত্যা

(২) সাংবাদিকেরা পাকিস্তানী শাসকগোষ্ঠীর জন্য বিপজ্জনক ছিল কেন?
(ক) স্বাধীনতার পক্ষে সংবাদ প্রচার করত বলে
(খ) পাকিস্তানী সেনাদের মেরে ফেলত বলে
(গ) পত্রিকায় বিভিন্ন সংবাদ লিখত বলে
(ঘ) তারা বাঙালী ছিল বলে

(৩) কোন সাংবাদিক অল্প বয়সে মারা যান?
(ক) সেলিনা পারভীন (খ) শহীদ সাবের
(গ) শহীদুল্লাহ কায়সার (ঘ) মেহেরুন্নেসা

(৪) পাকিস্তানী হানাদারেরা হত্যাযজ্ঞ চালিয়ে যায়—
(ক) সাত মাস ধরে (খ) আট মাস ধরে (গ) নয় মাস ধরে (ঘ) দশ মাস ধরে

(৫) 'প্রথম আলো' একটি দৈনিক পত্রিকা। এখানে 'প্রথম আলো'—
(ক) বিশেষ্য পদ (খ) বিশেষণ পদ (গ) সর্বনাম পদ (ঘ) অব্যয় পদ

৭। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ ঃ

(ক) পঁচিশে মার্চ রাতে কারা 'দৈনিক সংবাদ' পত্রিকা অফিসে আগুন লাগিয়ে দেয়? ১
(খ) শহীদ সাবের কে ছিলেন? তিনি কীভাবে শহিদ হন? ১+১=২
(গ) মুক্তিযুদ্ধে শহিদ দুইজন মহিলা সাংবাদিকের নাম লেখ এবং তাঁরা কীভাবে শহিদ হন লেখ। ১+১=২

৮। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ ঃ ১×৫=৫

(ক) বিপজ্জনক, (খ) বিকশিত, (গ) মেধাবী, (ঘ) সূচনা, (ঙ) ভয়াল।

৯। প্রদত্ত অনুচ্ছেদটির সারাংশ লেখ। ৫

১০। নিচের বাক্যগুলোর দাগ দেওয়া শব্দগুলোকে শুদ্ধ করে লেখ ঃ ১×৫=৫

(ক) আশিনের শিউলি ফোটার দিন শুরু হয়েছে।
(খ) এত বৈচিত্র খুব কম দেশেই আছে।
(গ) নকল রানি কাঁকনমালার সে কী দম্ব!
(ঘ) জগদীশ চন্দ্র বসু নানা বিষয়ে গবেসনা করেছেন।
(ঙ) অসীম সাহসী আর দৃঢ়প্রতিজ্ঞা এই তরুণ হেরে যাবার পাত্র নন।

১১। যতি বিরাম চিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ ঃ ৫

মা যেমন স্নেহ মমতা ভালোবাসা দিয়ে আমাদের আগলে রাখেন দেশও তেমনিই তার আলো বাতাস সম্পদ দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে মাকে আমরা যেমন ভালোবাসি,দেশকেও তেমনিই ভালোবাসতে হবে।দেশকে ভালোবাসার মধ্য দিয়েই সার্থক হয়ে উঠবে আমাদের জীবন।

১২। এক কথায় প্রকাশ কর ঃ ১×৫=৫

বিচার-বিবেচনা ছাড়া যা।
রক্ত দিয়ে লাল করা হয়েছে এমন।
অহংকার নেই যার।
মমতা আছে যে নারীর।
রেখা দিয়ে আঁকা ছবি।

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর

১৩। প্রদত্ত শব্দগুলোর বিপরীত শব্দ লেখ ঃ ১×৫=৫
ঘুমন্ত, নিরস্ত্র, ভরা, যুদ্ধ, নতুন।

১৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ ঃ ৬

(ক) কবিতার লাইনগুলো পরপর সাজিয়ে লেখ ঃ
সূর্যের সাথে হাসির কিরণে
কেমন আমরা হেসে উঠি আর
দুলে দুলে নাড়ি মাথা।
ঘাস হয়ে ফুটে ওঠে
ধরার বুকের স্নেহ কণাগুলি
শুধু দেখো আর খুশি হও মনে

(খ) কবিতার অংশটুকু কোন কবিতার অংশ তা লেখ। ১

(গ) কবিতাটির কবির নাম কি? ১

(ঘ) ঘাস ফুল আমাদের কাছে কি মিনতি করছে? কেন করছে? ২

১৫। মনে কর, তুমি পাতারহাট মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী। তুমি আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ নিতে চাও। এবার প্রয়োজনীয় তথ্য দ্বারা নিচের ফরমটি পূরণ কর ঃ ৫

**প্রতিযোগিতার ফরম**

(১) শিক্ষার্থীর নাম ঃ ...................................

(২) শ্রেণি ঃ .................. রোল নং ..................... শাখা ঃ ..................

(৩) (ক) শিক্ষার্থীর পিতার নাম ঃ ..................................................
(খ) শিক্ষার্থীর মাতার নাম ঃ ......................................................

(৪) বর্তমান ঠিকানা ঃ গ্রাম/সড়ক নং ............ ডাকঘর ঃ ............... মহল্লা .................. উপজেলা ঃ ................ জেলা ঃ ....................

(৫) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/সড়ক নং ................ডাকঘর ঃ .................. মহল্লা .................. উপজেলা ঃ ................ জেলা ঃ .....................

(৬) জন্ম তারিখ ঃ .........................

(৭) যে সব প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক ঃ
(ক) ..........................................................................
(খ) ........................................................................
(গ) ......................................................................

**শ্রেণি শিক্ষকের স্বাক্ষর** **শিক্ষার্থীর স্বাক্ষর**

১৬। নিচের যে কোনো **একটি** বিষয় নিয়ে **২০০** শব্দের মধ্যে রচনা লেখ ঃ ১০

(ক) **প্রিয় খেলা ফুটবল** ঃ ভূমিকা——উৎপত্তি——বিস্তার—— খেলার বর্ণনা ——উপসংহার।

(খ) **একুশে ফেব্রুয়ারি** ঃ ভূমিকা——মাতৃভাষার গুরুত্ব ——ভাষা আন্দোলনের মূল ঘটনা—— শহীদ মিনার——আন্তর্জাতিক মাতৃভাষা দিবস—— তাৎপর্য ——উপসংহার ——।

(গ) **কম্পিউটার** ঃ ভূমিকা——আবিষ্কার——কম্পিউটারের অবদান —— অপকারিতা——উপসংহার।

(ঘ) **হিমালয়ের শীর্ষে বাংলাদেশের পতাকা** ঃ ভূমিকা——হিমালয়ের পরিচয়/বর্ণনা ——প্রথম হিমালয় বিজয়—— প্রথম বাংলাদেশীর হিমালয় বিজয় ——অন্যান্য বিজয়ী ——উপসংহার।

[**দ্রষ্টব্যঃ** প্রদত্ত উপশিরোনাম ছাড়াও পরীক্ষার্থী এক বা একাধিক উপশিরোনাম ব্যবহার করতে পারবে।]